চুয়াডাঙ্গায় বৃদ্ধাকে হুইল চেয়ার প্রদান করলেন পুলিশ সুপার

তারাদেবী ফাউন্ডেশনের সহযোগীতায় শারীরিক প্রতিবন্ধী আতিয়ার রহমান কে হুইল চেয়ার প্রদান করছেন পুলিশ সুপার মোঃ জাহিদুল ইসলাম। বাংলাদেশ পুলিশ পেশাগত দায়িত্ব পালনের পাশাপাশি বিভিন্ন প্রকার উন্নয়ন, সামাজিক, মানবিক ও উৎসাহমূলক কার্যক্রমে ভূমিকা রেখে চলেছেন তিনি। তারই অংশ হিসেবে পুলিশ সুপার মোঃ জাহিদুল ইসলাম সামাজিক দায়বদ্ধতা থেকে একের পর এক গণমুখী কার্যক্রম গ্রহণ করছেন।

আতিয়ার রহমান চুয়াডাঙ্গা পুলিশ সুপারের নিকট একটি হুইল চেয়ার প্রাপ্তির জন্য আকুল আবেদন করেন। পুলিশ সুপার বিষয়টি আত্নস্থ করে শারীরিক প্রতিবন্ধী আতিয়ার রহমান’কে হুইল চেয়ার প্রদানের আশ্বাস দেন। সোমবার বেলা এগারোটার সময় চুয়াডাঙ্গা জেলার কৃতি সন্তান বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রিয় শিল্প ও বানিজ্য বিষয়ক উপ-কমিটির সদস্য ও ডায়মন্ড ওয়ার্ল্ড এর ব্যবস্থাপনা পরিচালক দিলীপ কুমার আগরওয়ালা তাঁর মায়ের নামে প্রতিষ্ঠিত “তারাদেবী ফাউন্ডেশন” এর সহযোগীতায় শারীরিক প্রতিবন্ধী আতিয়ার রহমান (৫৮) কে পুলিশ সুপার একটি হুইল চেয়ার প্রদান করেন।

এসময় আতিয়ারের মুখে কৃতজ্ঞতার এক অকৃত্রিম হাসি ফুঁটে উঠে। ইতোপূর্বে দর্শনা থানার গড়াইটুপি গ্রামের আনারুল,আলমডাঙ্গার গোপীনগর গ্রামের সুবিধা বঞ্চিত খায়রুন নেছা, দামুড়হুদার রামনগর গ্রামের জন্মগত শারীরিক প্রতিবন্ধী মোছাঃ রাফিয়া খাতুন কে পুলিশ সুপারের উদ্যোগে হুইল চেয়ার প্রদান করা হয়।

পুলিশ সুপার বলেন, সমাজের সর্বস্তরের সামর্থবান মানুষ যদি অসহায় সুবিধা বঞ্চিতদের দিকে একটু সুদৃষ্টি দেয়, তাহলে আমাদের সমাজে সুবিধা বঞ্চিতদের মুখেও হাসি ফোঁটানো সম্ভব। এসময়ে তিনি আইন-শৃঙ্খলা রক্ষাসহ সকল বিষয়ে চুয়াডাঙ্গা জেলাবাসীর সহযোগীতা কামনা করেন।

[redacted]

[redacted]

জীবননগর ভোক্তা অধিকারের অভিযান, ৩ প্রতিষ্ঠানকে জরিমানা

জীবননগর বাজারে ভোক্তা অধিকারের অভিযান নোংরা তেলের ড্রামে মরা তেলাপোকা এবং ফার্মেসিতে মেয়াদ উত্তীর্ণ ও ভারতীয় অবৈধ ঔষধ সহ ০৩টি প্রতিষ্ঠানে অভিযান চালিয়ে ২০ হাজার টাকা জরিমানা করেন চুয়াডাঙ্গা ভোক্তা-অধিকার সংরক্ষন অধিদপ্তর।

সোমবার বেলা সাড়ে ১২টার সময় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহমেদ এর নেতৃত্বে জীবননগর শহরে অভিযানে চালিয়ে

মেসার্স নজরুল স্টোরে অস্বাস্থ্যকর পরিবেশে ভোজ্যতেল সংরক্ষণ, মেয়াদ ও মুল্য বিহীন পণ্য বিক্রয়ের অপরাধে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯ এর ৩৭, ৪৩ ধারায় ২ হাজার টাকা ও

মেসার্স আলম মেডিকেল হলে মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রয়, ফিজিশিয়ান স্যাম্পল ও ভারতীয় অবৈধ ঔষধ রাখার অপরাধে ৩৭ ও ৫১ ধারায় ১৫ হাজার টাকা ও মেসার্স জনি মেডিকেল হলে মেয়াদ উত্তীর্ণ ঔষধ রাখার অপরাধে ৫১ ধারায় ৩ হাজার টাকা জরিমানা করা হয়।

এসময় সবাইকে মাস্ক পরার পাশাপাশি সামাজিক দূরত্ব বজায় রেখে এবং স্বাস্থ্যবিধি মেনে চলাচল করতে অনুরোধ করা হয়। এবং করোনা কালিন সময়ে জন সচেতনতা বৃদ্ধির পাশাপাশি জনস্বার্থে এরুপ অভিযান অব্যাহত থাকবে ।

করোনায় এক দিনে ২৪৬ জনের

মৃত্যু, শনাক্ত ১৬ হাজার

মারণভাইরাস করোনায় আক্রান্ত হয়ে গত ২৪ ঘণ্টায় আরো ২৪৬ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে করোনায় দেশে মোট মৃতের সংখ্যা দাঁড়িয়েছে ২১ হাজার ১৬২ জনে। এ ছাড়া নতুন করে শনাক্ত হয়েছেন ১৫ হাজার ৯৮৯ জন। এ নিয়ে দেশে মোট শনাক্তের সংখ্যা বেড়ে দাঁড়াল ১২ লাখ ৮০ হাজার ৩১৭ জনে।

আজ সোমবার (২ আগস্ট) স্বাস্থ্য অধিদপ্তর থেকে পাঠানো করোনাবিষয়ক নিয়মিত সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে।

এর আগে, দেশে করোনার ইতিহাসে একদিনে সর্বোচ্চ ২৫৮ জনের মৃত্যু হয় ২৭ জুলাই। এছাড়াও ১১ জুলাই ২৩০ জন, ১২ জুলাই ২২০ জন, ১৩ জুলাই ২০৩ জন, ১৪ জুলাই ২১০ জন, ১৫ জুলাই ২২৬ জন, ১৬ জুলাই ১৮৭ জন, ১৭ জুলাই ২০৪ জন, ১৮ জুলাই ২২৫ জন, ১৯ জুলাই ২৩১ জন, ২০ জুলাই ২০০ জন, ২১ জুলাই ১৭৩ জন, ২৬ জুলাই ২৪৭ জন, ২৮ জুলাই ২৩৭ জন, ২৯ জুলাই ২৩৯ জন, ৩০ জুলাই ২১২ জন এবং ৩১ জুলাই ২১৮ জনের মৃত্যু হয়।

সূত্র: কালের কণ্ঠ অনলাইন

ঝিনাইদহে ১ হাজার দুস্থদের মাঝে খাদ্যসামগ্রী বিতরণ

ঝিনাইদহে করোনায় কর্মহীন হয়ে পড়া ১ হাজার হতদরিদ্র পরিবারের মাঝে প্রধানমন্ত্রী দেওয়া উপহার খাদ্যসামগ্রী ও নগদ টাকা বিতরণ করা হয়েছে।

সোমবার সকালে শহরের বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান স্টেডিয়ামে জেলা প্রশাসনের পক্ষ থেকে এ খাদ্যসামগ্রী বিতরণ করা হয়।

এসময় শহরের বিভিন্ন এলাকা থেকে আসা ইজিবাইক চালক, শ্রমিকদের মাঝে খাবার তুলে দেন জেলা প্রশাসক মজিবর রহমান। সেসময় ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও পৌরসভার মেয়র সাইদুল করিম মিন্টু, অতিরিক্ত জেলা প্রশাসক সেলিম রেজাসহ অন্যান্যরা উপস্থিত

ছিলেন। করোনাকালে ১০ কেজি চাল ও নগদ ৩’শ টাকা পেয়ে সন্তুষ্টি প্রকাশ করেন হতদরিদ্ররা।

ঝিনাইদহে লকডাউন বাস্তবায়নে সেনা টহল পরিদর্শনে কমান্ডিং জিওসি

ঝিনাইদহে কঠোর লকডাউন বাস্তবায়নে মানুষকে সচেতন ও বিনা প্রয়োজনে ঘরের বাইরে বের না হতে, কাজ করে চলেছে সেনাবাহিনী। সকাল থেকেই বৃষ্টি উপেক্ষা করে শহরের পায়রা চত্বরসহ বিভিন্ন স্থানে টহল দেয় মাঠে নিয়োজিত সেনা সদস্যরা।

সোমবার দুপুরে ঝিনাইদহে নিয়োজিত সেনা সদস্যদের টহল কার্যক্রম পরিদর্শণ করেন জেনারেল অফিসার কমান্ডিং(জিওসি) ও সেনাবাহিনীর ৫৫ পদাতিক ডিভিশনের কমান্ডার মেজর জেনারেল নুরুল আনোয়ার।

তিনি শহরের বিভিন্ন পয়েন্টে সেনা সদস্যদের টহল পরিদর্শন ও পাশাপাশি মাঠ পর্যায়ে কর্মরত প্রশাসনের কর্মকর্তাদের সাথে করোনা পরিস্থিতি নিয়ে মতবিনিময় করেন। করোনাকালীন সময়ে লকডাউন বাস্তবায়নে সম্মুখসারির করোনাযোদ্ধাদের ধন্যবাদ জানান তিনি।

এসময় উপস্থিত ছিলেন ৮৮ পদাতিক ব্রিগেড কমান্ডার ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ মনোয়ার হোসেন খান, ২য় ইস্ট বেঙ্গল রেজিমেন্টের অধিনায়ক লেঃ কর্ণেল মোর্শেদুল হাসান, জেলা প্রশাসক মজিবর রহমান, পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম, ঝিনাইদহ পৌর মেয়র ও জেলা আওয়ামী লীগ সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু প্রমুখ।

মেহেরপুরে নতুন করে আরও ৫৬ জন করোনা আক্রান্ত! মৃত্যু-৩

মেহেরপুরে নতুন করে আরও ৫৬ জন করোনা আক্রান্ত হয়েছেন। মৃত্যুবরণ করেছেন ৩ জন। নতুন আক্রান্তদের মধ্যে সদরে ৩২ জন, গাংনীতে ১৭ জন, মুজিবনগর ৭ জন।

সোমবার দুপুরে মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ১৮২ টি। তারমধ্যে ৫৬ জন করোনা পজিটিভ।

এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ৫৪৪ জন। তার মধ্যে সদরে ২০৪ জন, গাংনীতে ২৫০ জন এবং মুজিবনগরে ৯০ জন।

এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ১৪০ জন । মৃতদের মধ্যে সদরে ৬২ জন, গাংনী ৪৭ জন ও মুজিবনগরে ৩১ জন।

এসময় তিনি সকলকে সামাজিক দুরত্ব,নিয়মিত সাবান দিয়ে হাত ধোওয়া,মাস্ক ব্যবহার, জন-সমাগম এড়িয়ে চলা এবং হাচি কাশির শিষ্ঠাচার ও স্বাস্থ্যাবিধি মেনে চলার আহবান জানান।

মেহেরপুরে সেলুন কর্মীদের মাঝে খাদ্যসামগ্রী বিতরণ

মেহেরপুর পৌরসভার উদ্যোগে পৌর এলাকায় করোনায় কর্মহীন নর সুন্দরদের মাঝে প্রধানমন্ত্রীর উপহার হিসেবে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে।সোমবার দুপুরের দিকে মেহেরপুর পৌরসভা প্রাঙ্গণে মেহেরপুর পৌর এলাকার নর সুন্দরদের মাঝে খাদ্য সহায়তা প্রদান করা হয়। পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন উপস্থিত থেকে খাদ্যসামগ্রী তুলে দেন। এসময় প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, কাউন্সিলর আল মামুন, নুরুল আশরাফ রাজিব, মীর জাহাঙ্গীর হোসেন, আলপনা খাতুন প্রমুখ উপস্থিত ছিলেন।

মহেশপুর পৌরসভার উদ্যোগে ভ্যান চালকদের মধ্যে খাদ্য সামগ্রী বিতরণ

মহেশপুর পৌরসভার উদ্যোগে গতকাল সোমবার সকালে জেলা পরিষদ অডিটরিয়ামে মহামারী করোনা ভাইরাসের কারনে জীবন জীবিকা থেকে পিছিয়ে পড়া ভ্যান চালকদের মধ্যে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়।

মহেশপুর পৌরসভার মেয়র আব্দুর রশিদ খাঁনের সভাপতিত্বে উক্ত খাদ্য সামগ্রী বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ ৩ আসনের সংসদ সদস্য এ্যাড. শফিকুল আজম খাঁন চঞ্চল। এছাড়া উপস্থিত ছিলেন প্যানেল মেয়র রুহুল আমিন মিন্টুসহ অন্যান্য কাউন্সিলরগন। মেয়র আব্দুর রশিদ খাঁন জানান, ১,২ ও ৩ নং ওয়ার্ডে ২শ পরিবারের মাঝে চাল, ডাল ও আলু বিতরণ করা হয়। সর্বমোট ৭শ পরিবারকে সরকারি বরাদ্দ থেকে এই খাদ্য সহায়তা প্রদান করা হবে।

হোটেলে শৌচাগার পরিষ্কার করছেন অস্ট্রেলিয়ার ক্রিকেটাররা

করোনার ভয়ে তটস্থ অস্ট্রেলিয়া এমন সব শর্ত চাপিয়ে দিয়েছে বাংলাদেশের ওপর যেন তাদের ছায়াও মাড়ানো যাবে না।

রোববার তাদের অনুশীলনের ধারেকাছেও ঘেঁষতে দেওয়া হয়নি সাংবাদিকদের। খেলার দিনও মিরপুর গ্রাউন্ডের স্টাফ ও ম্যাচ কভার করা ক্যামেরাম্যানদের মাঠে দেখতে চান না অসিরা। একই নিয়ম চলছে

টিম হোটেল কন্টিনেন্টালেও।

যে কারণে অবশ্য নিজেদের কাজ নিজেরাই করে নিচ্ছেন অসিরা। এমনকি নিজ নিজ কক্ষের সঙ্গে যুক্ত শৌচাগারও নিজেরাই সাফ করছেন।

ওয়েস্ট ইন্ডিজ থেকে উড়ে এসে গত ২৯ জুলাই হযরত শাহজালাল বিমানবন্দরে পা রাখে টিম অস্ট্রেলিয়া। এর পর নিশ্ছিদ্র নিরাপত্তায় ডেডিকেটেড হোটেল কন্টিনেন্টালে ঘাঁটি গাড়ে তারা।

অবশ্য তার ৯ দিন আগে অর্থাৎ ২১ জুলাই থেকে সিরিজ সংশ্লিষ্ট সবাই হোটেল ইন্টারকন্টিনেন্টালে জৈব সুরক্ষা বলয়ে প্রবেশ করেন। একাধিকবার করোনা পরীক্ষার পর স্পষ্টভাবেই জানা যায়, হোটেলটি করোনামুক্ত এবং করোনা পজিটিভ কারও অবস্থানের সুযোগ নেই।

তার পরও ঝুঁকি নিতে চাচ্ছেন না অসিরা। অতিরিক্ত সুরক্ষায় অস্ট্রেলীয়রা হোটেলের কোনো রুম সার্ভিস গ্রহণ করছেন না। এমনকি শৌচাগার সাফ করার জন্যও হোটেল কর্তৃপক্ষের সহায়তা নিচ্ছেন না তারা। হ্যাজলউড-ওয়েড-স্টার্করা নিজেদের শৌচাগার নিজেরাই পরিষ্কার করছেন।

শুধু তাই নয়, খাওয়া-দাওয়ার ক্ষেত্রেও অস্ট্রেলীয়রা হোটেল কর্মীদের থেকে কাছে ঘেঁষতে দিচ্ছেন না। রান্নাবান্নার জন্য নিজেদের সঙ্গে বাবুর্চিও এনেছেন। আর বুফেতে খাবার পরিবেশনে থাকছেন হোটেলের অস্ট্রেলীয় কর্মী।

সূএ যুগান্তর,